গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নম্বর ৩৩.০১.০০০০.১১০.০১.২১.০১৬-৫৮৪ তারিখঃ ১০/০৪/২০২৫ খ্রি.।

**বিষয়ঃ Enhancing Digital Government & Economy (EDGE) প্রকল্পের আওতায় বিভিন্ন Digital Skills বিষয়ে প্রশিক্ষণের জন্য কর্মকর্তাবৃন্দের মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্রঃ মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, শিল্প মন্ত্রণালয়, ঢাকা এর ০৭/০৪/২০২৫ খ্রি: ৮ সংখ্যক পত্র মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন EDGE প্রকল্পের আওতায় বিভিন্ন Digital Skill ((i) Project Management, (ii) Excellence in Service Delivery, (iii) Data-Driven Decision Making এবং (iv) Cyber Secutity) বিষয়ে ৫ দিনব্যাপী প্রশিক্ষণ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্তে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক একটি কোর্স সিডিউল প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখিত কোর্স সমূহে অংশগ্রহণে আগ্রহী সকল কর্মকর্তাদের-কে সিডিউলে বর্ণিত ছক মোতাবেক তথ্যাদি আগামী ২২ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে ddhrd.dls@gmail.com ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

জরুরী প্রয়োজনে- ডাঃ মোঃ আবু হাসান লাভলু, ভেটেরিনারি সার্জন, এল/আর, সংযুক্তি- মানব সম্পদ উন্নয়ন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা; মোবাইলঃ ০১৭৭০৪৯২৫১৮।

১০/০৪/২০২৫

(ডাঃ সাখাওয়াত হোসেন)
উপপরিচালক (মানব সম্পদ উন্নয়ন)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১০/০৪/২৫

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**
১। পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। পরিচালক (সকল)।
৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)।
৬। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭। ডাঃ/জনাব.........................।
৮। অফিস কপি।

১৭৯৫
৮.৪.২৫

৩৬৮৫
৭.৪.২৫

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
শিল্প মন্ত্রণালয়
www.bim.gov.bd

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০০০.০০৬.৩২.০০০১.২৩.৮

**বিষয়: Enhancing Digital Government & Economy (EDGE) প্রকল্পের আওতায় বিভিন্ন Digital Skills বিষয়ে মে, ২০২৫ তারিখের প্রশিক্ষণের জন্য কর্মকর্তাবৃন্দের মনোনয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন EDGE প্রকল্পটি উন্নততর বাংলাদেশ বিনির্মাণ ও তথ্য প্রযুক্তি শিল্পের বিকাশে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ডিজিটাল সক্ষমতা উন্নয়নের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় সরকারি কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ আয়োজন প্রকল্পটির অন্যতম কর্মসূচি।

০২। এ ধারাবাহিকতায় দেশব্যাপী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের জন্য Digital Skills বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

০৩। এমতাবস্থায়, Digital Skills বিষয়ে ((i) Project Management, (ii) Excellence in Service Delivery, (iii) Data-Driven Decision Making এবং (iv) Cyber Security প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য অধিক সংখ্যক (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মকর্তাকে মনোনয়নপূর্বক নামের তালিকা নিম্নের ছক মোতাবেক আগামী ২৭ এপ্রিল, ২০২৫ তারিখের মধ্যে মহাপরিচালক, বিআইএম বরাবর অথবা ই-মেইল (amenoor2022@gmail.com)-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্র: নং: | নাম | দপ্তর/সংস্থা | পদবি | মোবাইল | ই-মেইল | চাকুরি আইডি নম্বর (যদি থাকে) | প্রশিক্ষণের নাম ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

DD (HRD)
দেখুন
৮.৪.

০৪। উক্ত প্রশিক্ষণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য নিম্নরূপঃ
- প্রশিক্ষণ ভেন্যুঃ বিআইএম, ঢাকা ক্যাম্পাস।
- প্রশিক্ষণ পদ্ধতিঃ বক্তৃতা,আলোচনা, অনুশীলন,প্রশ্নোত্তর পর্ব ও ঘটনা বিশ্লেষণ ইত্যাদি।
- সনদঃ প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ সরবরাহ করা হবে।
- **আগামী মে, ২০২৫ মাসের প্রশিক্ষণসূচিঃ**

| ক্র. নং | মেয়াদ | সময় | প্রশিক্ষণের নাম |
|---|---|---|---|
| (ক) | ০৩-০৭ মে,২০২৫ খ্রিঃ | সকাল ৯.০০- বিকাল ৫.০০ | (i) Project Management,<br>(ii) Excellence in Service Delivery,<br>(iii) Data-Driven Decision Making<br>(iv) Cyber Security |
| (খ) | ১২-১৬ মে ,২০২৫ খ্রিঃ | সকাল ৯.০০- বিকাল ৫.০০ | (i) Project Management,<br>(ii) Excellence in Service Delivery,<br>(iii) Data-Driven Decision Making<br>(iv) Cyber Security |
| (গ) | ১৭-২১ মে ২০২৫ খ্রিঃ | সকাল ৯.০০- বিকাল ৫.০০ | (i) Project Management,<br>(ii) Excellence in Service Delivery,<br>(iii) Data-Driven Decision Making<br>(iv) Cyber Security |
| (ঘ) | ২৪-২৮ মে,২০২৫ খ্রিঃ | সকাল ৯.০০- বিকাল ৫.০০ | (i) Project Management,<br>(ii) Excellence in Service Delivery,<br>(iii) Data-Driven Decision Making<br>(iv) Cyber Security |

**০৫। উল্লেখ্য যে, EDGE প্রকল্পের আওতার এই প্রশিক্ষণের সকল ব্যয় উক্ত প্রকল্প হতে বহন করা হবে এবং প্রকল্পের বিধি অনুসারে, প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ সামগ্রী, আবাসন ও আপ্যায়ন সুবিধাদি এবং ভ্রমণ খরচ বা যাতায়াতের সুবিধা প্রদান করা হবে। একজন কর্মকর্তা কেবল একটি প্রশিক্ষণেই অংশগ্রহণের সুযোগ পাবেন।**

০৬। কোর্স সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য কোর্স-সমন্বয়কারী জনাব আমিনুর, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা, বিআইএম (মোবাইল: ০১৫৭১-৭০৯০৯৪/০১৭১৬-৫৫১৬৬১(WhatsApp), ই-মেইল: amenoor2022@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপরোক্ত প্রশিক্ষণ কর্মসূচি অনুসারে আপনার প্রতিষ্ঠান হতে প্রতিনিধি ও কর্মকর্তা মনোনয়নে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

০৭-০৪-২০২৫
রশিদুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-২২২২৪১৬৯৮ (ফোন)
+৮৮০-২-৫৮১৫২৪৭৬ (ফ্যাক্স)
dg@bim.gov.bd

দপ্তর/সংস্থা প্রধান (সকল)।

০৭-০৪-২০২৫
আমিনুর
উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা